#

The Asia Foundation

# দক্ষিণ এশিয়া ক্ষুদ্র অনুদান কার্য্যক্রম

## South Asia Small Grants Program (SASGP)

### আবেদনকারী সংগঠনসমূহের জন্য নির্দেশাবলী

# ১. ভূমিকা

দ্য এশিয়া ফাউন্ডেশন (The Asia Foundation–TAF) দক্ষিণ এশিয়া ক্ষুদ্র অনুদান কার্য্যক্রম (South Asia Small Grants Program-SASGP)'র ম্যানেজার হিসেবে কাজ করছে। এই SASGP দক্ষিণ এশিয়ার পাঁচটি দেশ: বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, নেপাল এবং শ্রীলংকায় উপযুক্ত যোগ্যতাসম্পন্ন নাগরিক সংগঠন/বেসরকারি উন্নয়ন সংগঠনসমূহকে ক্ষুদ্র তহবিল/অনুদান প্রদান করবে। একটি নমনীয় প্রক্রিয়ার আঙ্গিকে নির্মিত বর্তমান বাস্তবতা ও উদ্‌ভুত পরিস্থিতিতে সাড়া দেয়ার জন্য এই উন্মুক্ত তহবিল নাগরিক সংগঠন/বেসরকারি উন্নয়ন সংগঠনসমূহকে সুশাসন সম্পর্কিত নীচের চারটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে কাজ করার জন্য সহায়তা করবে:#

- সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়ানো
- আইনের শাসন জোড়দারকরণ
- এসব বিষয়ে নাগরিক সংগঠন/বেসরকারি উন্নয়ন সংগঠন ও মিডিয়ার অংশগ্রহণ বৃদ্ধি; এবং
- গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও চর্চাকে শক্তিশালী করা

দক্ষিণ এশিয়ার পাঁচটি দেশ: বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, নেপাল এবং শ্রীলংকার নিজস্ব রাজনৈতিক বাস্তবতা, সুশাসন চ্যালেঞ্জ এবং নাগরিক সংগঠনগুলোর কাজের পরিবেশ বিদ্যমান। যদিও এই দেশগুলোতে সুশাসনের ক্ষেত্রে আইনের শাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং নাগরিক সংগঠনের অংশগ্রহণের ক্ষেত্রে এক ধরনের পরিবেশ বিরাজমান, কিন্তু তা সত্ত্বেও সমস্যার তীব্রতার রকমফের রয়েছে। দক্ষিণ এশিয়ায় TAF'র গণতন্ত্র ও সুশাসন-কেন্দ্রিক নাগরিক সংগঠনগুলোর সাথে ছয় দশকব্যাপী কাজের অভিজ্ঞতায় দেখা গেছে যে একটি স্বাস্থ্যকর/কার্যকর সুশাসন কাঠামো নিশ্চিত করার লক্ষ্যে নাগরিক সংগঠনগুলোর সক্ষমতার ঘাটতি রয়েছে। এই জন্য সংগঠনগুলোর বিশেষ করে আর্থিক ব্যবস্থাপনা ও হিসাবরক্ষণ, অধিপরামর্শ দক্ষতা, কোয়ালিশন তৈরি এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোতে তাদের প্রভাব বৃদ্ধি করার ক্ষেত্রে সংগঠনগুলোর সামর্থ্য বাড়ানো প্রয়োজন। এই তহবিলে আবেদন সংগঠনগুলোর সামর্থ্য বৃদ্ধিতে সহায়তা করবে।#

নিম্ন সক্ষমতার কারণে দক্ষিণ এশিয়াজুড়ে নাগরিক সংগঠনের পরিসর সীমিত হয়ে পড়ছে, যা কিনা এই অঞ্চলে গণতান্ত্রিক মূল্যবোধকে ক্রমাগত বাধাগ্রস্ত করছে। এই পাঁচটি দেশে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যেসব ইস্যু ও চ্যালেঞ্জ রয়েছে TAF সেগুলোকে চিহ্নিত করেছে এবং তার ভিত্তিতে সংশ্লিষ্ট দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিবেশের উপর ভিত্তি করে প্রকল্প বাস্তবায়ন কৌশল নির্ধারণের প্রয়োজনীয়তা অনুভব করেছে। এই চ্যালেঞ্জে সাড়া দিয়ে এবং মুক্ত ও স্বাধীন দক্ষিণ এশীয় অঞ্চল প্রতিষ্ঠার বৃহত লক্ষ্যকে সামনে রেখে, SASGP নাগরিক সংগঠনের নেতৃত্বে নীতি সংস্কার, গঠনমূলক অংশিদারিত্ব, এবং সুশাসনের মূল ক্ষেত্রগুলোতে সামাজিক জবাবদিহিতা বাড়ানোর জন্য কাজ করবে; এই অঞ্চলের গুরুত্বপূর্ণ গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোর সাথে কার্যকরভাবে যুক্ত হওয়ার জন্য নাগরিক সংগঠনের পরিসর বাড়ানো ও মুক্ত করা এবং সুশাসন সম্পর্কিত বিষয়ে দীর্ঘমেয়াদী সংস্কার কর্মকান্ড পরিচালনার জন্য নাগরিক সংগঠনের সামর্থ্য বাড়াতেও প্রচেষ্টা চালাবে।

## ২. দক্ষিণ এশিয়া ক্ষুদ্র অনুদান কার্যক্রম ( South Asia Small Grants Program)’র উদ্দেশ্য

SASGP’র দীর্ঘমেয়াদী লক্ষ্য হচ্ছে মুক্ত ও স্বাধীন দক্ষিণ এশীয় অঞ্চল। এটা তখনই সম্ভব হবে যখন এই অঞ্চলের সরকার ও সুশাসনের চ্যাম্পিয়নদের সাথে কাজ করার জন্য নাগরিক সংগঠন/বেসরকারী সংগঠনগুলোর জন্য বহুমুখী ও গঠনমূলক পরিবেশ তৈরি ও সংরক্ষণ করা যাবে।

এই সার্বিক লক্ষ্যকে এগিয়ে নেয়ার জন্য, SASGP তিনটি প্রধান উদ্দেশ্যকে অর্জন করার জন্য সহায়তা করবেঃ

১. অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা, আইনের শাসন এবং সংশ্লিষ্ট সরকারগুলোর সংবেদনশীলতা বাড়ানো;

২. গণতান্ত্রিক প্রতিষ্ঠানসমুহ যেমন ফৌজদারী বিচার বিভাগ, দুর্নীতি দমন বিভাগ, মানবাধিকার কমিশন, নির্বাচন প্রশাসন, সংসদ, মিডিয়া ও স্থানীয় সরকারের সাথে সংশ্লিষ্টতার সময় কাজের ক্ষেত্র বাড়ানো;

৩. SASGP ’র সক্ষমতা/দক্ষতা উন্নয়ন অনুষঙ্গের মাধ্যমে নাগরিক সংগঠনগুলোর অভ্যন্তরীণ সক্ষমতা, জ্ঞান ভান্ডার এবং প্রকল্প পরিচালনার সক্ষমতা বাড়ানো

## ৩. তহবিল প্রাপ্তির সুযোগ

TAF বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, নেপাল এবং শ্রীলংকার সকল যোগ্যতাসম্পন্ন নাগরিক সংগঠনকে South Asia Small Grants Program (SASGP)’র অধীনে অনুদান প্রাপ্তির জন্য প্রকল্প ধারণাপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করছে।

উপরেল্লিখিত উদ্দেশ্য অর্জনে অবদান রাখবে এরকম উদ্ভাবনী/কার্যকর ও বাস্তব যোগ্যতাসম্পন্ন প্রকল্পে অর্থায়নের জন্য এই ক্ষুদ্র অনুদানের সুযোগ রয়েছে। SASGP’র এই অনুদান চারটি বিষয়ভিত্তিক এলাকা যেমন: আর্থিক ও প্রাতিষ্ঠানিক ক্ষেত্র, রাজনৈতিক ক্ষেত্র, সামাজিক ক্ষেত্র এবং তথ্য সংক্রান্ত ক্ষেত্রে অনুদান প্রদান করবে। নীচের তালিকায় প্রতিটি বিষয়ভিত্তিক ক্ষেত্রের মধ্যে বাংলাদেশের জন্য অগ্রাধিকার প্রাপ্ত ইস্যুগুলো তুলে ধরা হয়েছে।

| **বিষয়ভিত্তিক এলাকা** |
|---|
| **আর্থিক ও প্রাতিষ্ঠানিক ক্ষেত্র** |
| **মূল উদ্দশ্যেঃ প্রাতিষ্ঠানিক ও আর্থিক স্বচ্ছতা জোড়দার হয়েছে** |
| সুনির্দিষ্ট সরকারি প্রতিষ্ঠানের নীতি, পরিকল্পনা এবং কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়ানো# |
| তথ্য প্রাপ্তির অধিকার চর্চা বাড়ানো |
| দুর্নীতি-দমন প্রতিষ্ঠানের খবরদারি বাড়ানো |
| সরকারি ক্রয় প্রক্রিয়ায় জবাবদিহি বাড়ানো |

| |
|---|
| জনস্বার্থে প্রভাব ফেলতে পারে এমন চুক্তি ও আন্তর্জাতিক সমঝোতার ক্ষেত্রে জনমত ও খবরদারি বাড়ানো |
| বাজেট স্বচ্ছতা আইন ও চর্চা জোড়দার করা |
| অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রক্রিয়া উৎসাহিত করা |
| **রাজনৈতিক ক্ষেত্র** |
| **মূল উদ্দেশ্য: রাজনৈতিক ও নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে** |
| নির্বাচনী প্রচারণায় অর্থায়ন সংস্কার |
| সরকারি অফিস/কর্মকর্তাদের আর্থিক ব্যবস্থাপনা প্রকাশের চর্চা বাড়ানো ও জোড়দার করা |
| নীতি প্রণয়ন প্রক্রিয়ায় নাগরিকদের অংশগ্রহণ বাড়ানো |
| **তথ্য সংক্রান্ত ক্ষেত্র** |
| **মূল উদ্দেশ্য: তথ্যে প্রবেশাধিকার ও তথ্যের স্বচ্ছতা বাড়ানো** |
| ই-গভর্নেন্স চর্চা বাড়ানো ও সরকারি কাজকর্ম/প্রক্রিয়া ডিজিটালাইজ করা |
| অনুসন্ধানী সাংবাদিকতা ও সাংবাদিকদের দক্ষতা বাড়ানো |
| সরকারি প্রতিষ্ঠানে স্বেচ্ছায় তথ্য প্রকাশের নিয়ম জোড়দার করা |
| সামাজিক যোগাযোগ মাধ্যমে তথ্যহীনতা মোকাবেলা করার লক্ষে কৌশল ও প্রতিষ্ঠানকে শক্তিশালী করা |
| উন্মুক্ত তথ্য নীতিমালা সহ উন্মুক্ত তথ্য এবং তথ্য-প্রমাণ ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া জোড়দার করা |
| তথ্য-উপাত্ত শিক্ষণ (Data literacy) |
| **সামাজিক ক্ষেত্র** |
| **মূল উদ্দেশ্য: সামাজিক মূল্যবোধ গণতান্ত্রিক ব্যবস্থাকে শক্তিশালী করে** |
| আইনি সুরক্ষা প্রক্রিয়া/কাঠামো জোরদার করণ |
| ইতিবাচক পদক্ষেপ নেয়ার নীতিমালা জোরদার করণ |

### ৩.১. অনুদান সংক্রান্ত তথ্য

**আনুমানিক তহবিল সীমা:** আবেদনকারী সংগঠনগুলো সর্বনিম্ন ২৫,০০০ থেকে সর্বোচ্চ ৭৫ হাজার মার্কিন ডলারের সমপরিমাণ স্থানীয় মুদ্রায় অনুদানের জন্য আবেদন করতে পারবে। তহবিল সীমা নিয়ে SASGP'র কোন পক্ষপাত নেই এবং আবেদনগুলো শুধুমাত্র কর্মসূচির গুরুত্ব অনুসারেই বিবেচনা করা হবে।

**প্রকল্প বাস্তবায়ন সময়কাল:** প্রকল্প বাস্তবায়ন সময়কাল ৬ মাসের কম বা ১৫ মাসের বেশি হতে পারবে না। প্রকল্প বাস্তবায়ন সময়কাল কর্মসূচির যুক্তিকাঠামো অনুযায়িই চলবে।

**অনুদানের ধরন:** এই তহবিলের আওতাধীন সকল প্রকল্প cost-reimbursable অনুদান বলে বিবেচিত হবে।

**৩.২ যোগ্যতা সংক্রান্ত তথ্য**#

- এই অনুদান শুধুমাত্র জাতীয়/স্থানীয় পর্যায়ের অলাভজনক প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে। অলাভজনক প্রতিষ্ঠান বলতে নাগরিক সংগঠন, বেসরকারি সংগঠন, কনসোর্টিয়াম, নেটওয়ার্ক, থিংক ট্যাংক ও বিশ্ববিদ্যালয় সমূহকে বোঝানো হয়েছে । সরকারি ও লাভজনক প্রতিষ্ঠান এবং ব্যক্তিকে এই অনুদানের আওতা থেকে বাদ রাখা হয়েছে।

**সংগঠনসমূহের যোগ্যতার মানদন্ড**

| **ধরণ** | **যোগ্যতার মানদন্ড** |
|---|---|
| নাগরিক সংগঠন (CSOs) এবং বেসরকারি সংগঠন (NGOs)# | • যথাযথভাবে নিবন্ধিত অলাভজনক অথবা দাতব্য প্রতিষ্ঠান<br>• সংগঠনটি যে দেশে নিবন্ধিত সেই দেশে আবেদন করতে হবে<br>• কমপক্ষে তিন বছর যাবত কার্যক্রম পরিচালনা করে আসছে<br>• প্রকল্প/কর্মসূচি ব্যবস্থাপনায় দৃশ্যমান সক্ষমতা<br>• প্রশংসনীয় আর্থিক ব্যবস্থাপনা এবং সংগঠনের সর্বশেষ আর্থিক ব্যবস্থাপনার নরীক্ষা প্রতিবেদন<br>• কার্যকর সুশাসন সম্পর্কিত কর্মসূচি বাস্তবায়নে অভিজ্ঞ<br>• যেসব সংগঠনের বৈচিত্র এবং অর্ন্তভুক্তিমূলক প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা আছে তারা অগ্রাধিকার পাবে। যদি না থাকে, তবে প্রকল্প প্রস্তাবনায় এ ধরনের কাজের সক্ষমতার ইচ্ছা প্রকাশ করুন |
| পেশাজীবি সংগঠন (কনসোর্টিয়াম, নেটওয়ার্ক, ফেডারেশন ও সদস্যপদ ভিত্তিক সংগঠন) | • যথাযথভাবে নিবন্ধিত অলাভজনক অথবা দাতব্য প্রতিষ্ঠান<br>• সংগঠনটি যে দেশে নিবন্ধিত সেই দেশে আবেদন করতে হবে<br>• কমপক্ষে তিন বছর যাবত কার্যক্রম পরিচালনা করে আসছে<br>• প্রকল্প/কর্মসূচি ব্যবস্থাপনায় দৃশ্যমান সক্ষমতা<br>• প্রশংসনীয় আর্থিক ব্যবস্থাপনা এবং সংগঠনের সর্বশেষ আর্থিক ব্যবস্থাপনার নরীক্ষা প্রতিবেদন<br>• কার্যকর সুশাসন সম্পর্কিত কর্মসূচি বাস্তবায়নে অভিজ্ঞ<br>• যেসব সংগঠনের বৈচিত্র্য এবং অর্ন্তভুক্তিমূলক প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা আছে তারা অগ্রাধিকার পাবে। যদি না থাকে, তবে প্রকল্প প্রস্তাবনায় এ ধরনের কাজের সক্ষমতার ইচ্ছা প্রকাশ করুন<br>• কনসোর্টিয়ামের ক্ষেত্রে, নেতৃত্বদানকারী/প্রধান সংগঠনের নাম উল্লেখ করতে হবে। একই সাথে এটা নিশ্চিত করতে হবে কনসোর্টিয়ামের সকল সদস্য অলাভজনক প্রতিষ্ঠান |
| একাডেমিক/ গবেষণা প্রতিষ্ঠান (থিংক ট্যাংক, বিশ্ববিদ্যালয়) | • বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক যথাযথভাবে নিবন্ধিত এবং গবেষণা প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত অলাভজনক অথবা দাতব্য প্রতিষ্ঠান<br>• কমপক্ষে তিন বছর যাবত কার্যক্রম পরিচালনা করে আসছে<br>• প্রকল্প/কর্মসূচি ব্যবস্থাপনায় দৃশ্যমান সক্ষমতা |

| | |
|---|---|
| | • প্রশংসনীয় আর্থিক ব্যবস্থাপনা এবং সংগঠনের সর্বশেষ আর্থিক ব্যবস্থাপনার নিরীক্ষা প্রতিবেদন<br>• কার্যকর সুশাসন সম্পর্কিত কর্মসূচি বাস্তবায়নে অভিজ্ঞ<br>• যেসব সংগঠনের বৈচিত্র এবং অর্ন্তভুক্তিমূলক প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা আছে তারা অগ্রাধিকার পাবে। যদি না থাকে, তবে প্রকল্প প্রস্তাবনায় এ ধরনের কাজের সক্ষমতার ইচ্ছা প্রকাশ করুন |

- সকল আবেদনকারীকে বৈদেশিক দাতার তহবিল গ্রহণের যোগ্যতা থাকতে হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় আইনি কাগজপত্র থাকতে হবে
- সকল আবেদনকারীকে প্রমাণ করতে হবে (আবেদনপত্রের মাধ্যমে) যে তারা যে পরিমাণ তহবিলের জন্য আবেদন করেছেন তা কার্যকারভাবে বাস্তবায়নের জন্য তাদের প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক কাঠামো, আইনি বাস্তবতা ও আর্থিক সক্ষমতা রয়েছে
- পুরস্কারের জন্য বিবেচিত হলেও পরে যদি প্রমাণিত হয় যে আবেদনপত্রে কোন তথ্য ভুলভাবে উপস্থাপন করা হয়েছে তবে সেই সংগঠনের আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে

## ৪. আবেদনপত্র এবং জমাদান সম্পর্কিত তথ্য

এই প্রতিযোগিতামূলক আবেদন এবং পরবর্তীতে এ সম্পর্কিত কোন সংশোধনের তথ্য এখানে www.asiafoundation.org পাওয়া যাবে। এই ওয়েবসাইটে প্রবেশে কোন সমস্যা অথবা আপনার অন্য কোন তথ্য জানার প্রয়োজনে সংশ্লিষ্ট ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন। ইমেইল ব্যতীত অন্য কোন মাধ্যমে আপনার প্রশ্নের উত্তর দেয়া হবে না।

সতর্কতার সাথে নীচের নির্দেশনা অনুসরণ করুন। যেসকল সংগঠন নিম্নক্ত শর্তাবলী পূরণে সক্ষম নয় অথবা প্রয়োজনীয় তথ্যাবলী প্রদানে ব্যর্থ হবে তারা অযোগ্য বলে বিবেচিত হবে।

**আবেদনপত্র জমা দেয়ার সময় যেসব বিষয় লক্ষ্য রাখতে হবে:**

- আবেদন পত্র বাংলা অথবা ইংরেজিতে জমা দেয়া যাবে
- বাজেট স্থানীয় মুদ্রা অর্থাৎ টাকায় উল্লেখ করতে হবে
- আবেদনের সকল পৃষ্ঠায় নম্বর উল্লেখ থাকতে হবে
- সকল কাগজপত্র A4 সাইজের কাগজে উপস্থাপন করতে হবে
- সকল Microsoft Word documents একটি লাইন স্পেস, ফন্ট সাইজ ১১ এবং ১ ইঞ্চি মার্জিন দিয়ে করতে হবে
- বাংলার ক্ষেত্রে Nirmala UI (Unicode) এবং ইংরেজির ক্ষেত্রে Calibri ফন্ট ব্যবহার করতে হবে

**সংগঠনসমূহকে আবেদনপত্র জমা দেয়ার সময় নিম্নক্ত দলিল ও তথ্যাদি সংযুক্ত করার জন্য অনুরোধ করা যাচেছ:**

**ক. আবেদন পত্র:** আবেদনকারীকে সংযুক্তি ১ এ সংযুক্ত আবেদন ফরম পূরণ করে জমা দিতে হবে। আবেদনের সাথে নিবন্ধন এবং অ-লাভজনক প্রতিষ্ঠানের প্রত্যয়ন জমা দিতে হবে। সংগঠনসমূহকে এই মর্মে প্রত্যয়ন দাখিল করতে হবে যে তারা বৈদেশিক তহবিল গ্রহণে সমর্থ।

**খ. প্রকল্প ধারণা পত্র:** আবেদনকারীকে সংযুক্তি ২ এ সংযুক্ত নমুনা ব্যবহার করে ধারণাপত্র তৈরি করতে হবে।

**গ. বাজেট:** আবেদনকারীকে সংযুক্তি ৩ এ সংযুক্ত নমুনা ব্যবহার করে বাজেট তৈরি করতে হবে।

**তহবিলের বিধিনিষেধ**

- নির্মাণ: এই তহবিল কোন ধরনের নির্মাণ কাজ বা এ সংক্রান্ত ব্যয়ে খরচ করা যাবে না
- অনুদান-পূর্ব খরচ: অনুদানপ্রাপ্তির আগের কোন খরচ এই তহবিল থেকে ব্যয় করা যাবে না
- প্রকল্প কার্যক্রম: নীচের তালিকাভুক্ত বা এর মত অন্যান্য কর্মসূচিতে এই তহবিলের অর্থ খরচ করা যাবে না:#
    - মুনাফা উৎপাদনকারী কোন কাজ
    - শিক্ষাবৃত্তি বা ব্যক্তির পড়াশুনা
    - অন্য তহবিলের অধীনে শুরু হওয়া কোন কাজ শেষ করার ক্ষেত্রে
    - অন্য তহবিল অনুসন্ধানের ক্ষেত্রে #
    - উত্তরাধিকার সূত্রে রাজনীতির সাথে সম্পর্কিত বা দলের সংস্পর্শ আছে এমন কোন প্রকল্প/নির্বাচনী প্রচারে সাহায্য করে এমন কোন ব্যক্তি অথবা একক রাজনৈতিক দল
    - রাজনৈতিক দল বা লবিং কার্যক্রম
    - কোন বিশেষ ধর্মীয় কার্যক্রমকে সমর্থন করে, এবং
    - ক্ষুদ্রঋণ, ব্যবসা সহায়তা এবং আইনি/ভুমি অধিকার কেন্দ্রিক প্রকল্প

**আবেদনপত্র জমা দেয়ার তারিখ ও সময়:**

আগামী ১৫ এপ্রিল, ২০২০ বিকাল ৫টার মধ্যে আগ্রহী সংগঠনসমূহকে ইমেইলের মাধ্যমে আবেদন করতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের পর কোনভাবেই আবেদনপত্র গ্রহণ করা হবে না। যেসব সংগঠন উপরোল্লিখিত তারিখ ও সময়ের পর আবেদন করবেন এই তহবিল পাওয়ার ক্ষেত্রে তাদের আবেদন গ্রহণযোগ্য হবে না এবং অযোগ্য বলে বিবেচিত হবে।

আবেদন এবং এর সাথে সম্পর্কিত সকল কাগজপত্র নীচের ইমেইল ঠিকানায় পাঠাতে হবে:

sasgp.bg@asiafoundation.org

## ৫. প্রকল্প পর্যালোচনা সংক্রান্ত তথ্যাবলী

### প্রকল্প বাছাই মানদন্ড:

এই তহবিলের অধীনে প্রাপ্ত সকল প্রকল্প ধারণাপত্র নীচে বিস্তারিতভাবে আলোচিত মূল্যায়ন ম্যাট্রিক্সের ভিত্তিতে একটি বিশেষজ্ঞ মূল্যায়ন প্যানেলের (Technical Evaluation Panel) মাধ্যমে মূল্যায়িত ও বাছাই করা হবে। এই ম্যাট্রিক্সে যেসব মানদন্ড উল্লেখ করা হয়েছে তার মাধ্যমে প্রকল্প ধারণাপত্রের গুণগত মান যাচাই ও এর অনুদানপ্রাপ্তির সফলতা নিরূপণ করা হবে। এই মানদন্ডগুলো একটি আরেকটির সাথে ওতপ্রোতভাবে জড়িত এবং ধারণাপত্রের সামগ্রিক গুণগত মান বিচারের ক্ষেত্রে সামগ্রিকভাবে বিবেচনা করা হবে। প্রকল্প আবেদনগুলোকে এর পরিপূর্ণতা, সামঞ্জস্যতা, স্পষ্টতা ও খুটিনাটির ওপর মনোযোগের ভিত্তিতে বিবেচনা করা হবে।

### ধারণাপত্র মূল্যায়ন ম্যাট্রিক্স:

- প্রকল্প ধারণা ও প্রকল্প পরিকল্পনার গুণগত মান (৫০ পয়েন্ট): প্রকল্প প্রস্তাবনার সমস্যা চিহ্নিতকরণ বক্তব্য, ভঙ্গি/ দিকনির্দেশনা (approach), প্রকল্প পরিকল্পনার অভিনবত্ব এবং বৃহৎ বিষয় ভিত্তিক লক্ষ্যের সাথে এটা কতটুকু সামঞ্জস্যপূর্ণ
- প্রকল্পের লক্ষ্য অর্জনের সামর্থ্য (২৫ পয়েন্ট): প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, কার্যক্রম, আউটপুট ও আউটকাম একটি আরেকটির সাথে কতটুকু সামঞ্জস্যপূর্ণ ও যুক্ত
- প্রাতিষ্ঠানিক রেকর্ড ও সাংগঠনিক সক্ষমতা (১৫ পয়েন্ট): প্রকল্পে যেসব ব্যক্তি কাজ করবেন তাদের যোগ্যতা/গুণগত মান এবং সংগঠনের সক্ষমতার বয়ান
- সম্পদ/টাকার যথাযথ ব্যবহার (১০ পয়েন্ট): আপনার প্রকল্প কিভাবে সম্পদ/টাকার ব্যবহার পরিকল্পনা করবে, প্রকল্পের পণ্যমূল্য নির্ধারণ, মূল্য-সাশ্রয় এবং প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিদের বেতন-ভাতার সাথে এটা সম্পর্কিত

### পর্যালোচনা ও নির্বাচন প্রক্রিয়া:

- প্রাথমিক পর্যায়ে প্রতিটি আবেদনপত্র উপরে বর্ণিত সংগঠনসমূহের যোগ্যতার মানদন্ডের আলোকে পর্যালোচনা করা হবে (আবেদন পত্রে প্রদত্ত তথ্যের সাথে এটি সম্পর্কিত) এবং বিষয়বস্তুর সাথে মিলিয়ে বিবেচনা করা হবে। প্রাথমিক পর্যালোচনার পর যোগ্যতাসম্পন্ন আবেদনপত্রগুলো কারিগরি মূল্যায়ন প্যানেলের বিশেষজ্ঞদের কাছে পাঠানো হবে
- উপরোল্লিখিত ধারণাপত্র মূল্যায়ন ম্যাট্রিক্সের ভিত্তিতে কারিগরি মূল্যায়ন প্যানেল বাছাইকৃত আবেদনপত্রগুলো মূল্যায়ন, নম্বর প্রদান ও অগ্রাধিকারের ভিত্তিতে বাছাই করবে। যেসব ধারণাপত্র সর্বাধিক নম্বর পাবে সেগুলো অনুদানের জন্য নির্বাচিত হবে
- যদি আপনার ধারণাপত্র অনুদান পাওয়ার জন্য নির্বাচিত হয়, তখন TAF প্রকল্প উন্নয়ন কর্মশালায় অংশগ্রহণের জন্য আপনার সংগঠনের প্রতিনিধিবৃন্দকে (প্রকল্প প্রধান সহ) আমন্ত্রণ জানাবে। পরীবিক্ষণ ও মূল্যায়ন কাঠামো (M&E frameworks), প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় খুটিনাটি, বিস্তারিত বাজেট ছাড়াও এই কর্মশালায় পরিপূর্ণ প্রকল্প প্রস্তাবনা প্রণয়নের বিষয়ে আলাপ-আলোচনা করা হবে
- কর্মশালার পর সকল সম্ভাব্য সংগঠনকে বিস্তারিত প্রকল্প প্রস্তাবনা জমা দিতে হবে

- বিস্তারিত প্রকল্প প্রস্তাবনা প্রাপ্তির পর, পরিপূর্ণ মাত্রায় প্রাক যোগ্যতা যাচাই (due diligence) এবং বাজেট নিয়ে দর কষাকষি হবে এবং তাৎক্ষণিক ভাবে অনুদান প্রদানের চিঠি (Letters of Grant) দেয়া হবে
- সকল আবেদনকারীকে তাদের আবেদনের সর্বশেষ অবস্থা সম্পর্কে লিখিতভাবে জানানো হবে। এই সামগ্রিক প্রক্রিয়া সম্পন্ন করতে ২ থেকে ৩ মাস সময় লাগবে।

**সংযুক্তিসমূহ**

সংযুক্তি ১: আবেদন পত্র

সংযুক্তি ২: প্রকল্প ধারনাপত্রের নমুনা

সংযুক্তি ৩: প্রকল্প বাজেটের নমুনা